কারও ছত্রছায়ায় থেকে লম্বা রেসের ঘোড়া হওয়া যায় না

স্পষ্টই বললেন স্বস্তিকা মুখোপাধ্যায়। গতকাল মুক্তি পাওয়া 'শিবপুর'-এ তিনি মাফিয়া। যদিও ছবির প্রচার থেকে তিনি দূরে। সবকিছুরই খোলামেলা উত্তর দিলেন তিনি। স্বস্তিকার মুখোমুখি অলোকপ্রসাদ চট্টোপাধ্যায়।

● **'শিবপুর' মুক্তি পেল (গতকাল)। অথচ ছবির প্রচারে নেই প্রধান অভিনেত্রী স্বস্তিকাই। এমনকী পরিচালক অরিন্দম ভট্টাচার্যও ছবির প্রচারে নেই। এটা তো খুব অস্বস্তিকর পরিস্থিতি।**

●● কাদের কাছে অস্বস্তিকর, সেটা দেখতে হবে। আর, ছবির প্রচারের জন্য আমার কী করণীয়, মার্কেটিং প্ল্যান কী, আমাকে কিছু জানানো হয়নি। আমি তো আর একা একা এসপ্ল্যানেডে দাঁড়িয়ে লোকজনকে বলতে পারি না, আমার ছবি দেখুন।

● **ছবির তিন প্রযোজকের মধ্যে একজনের কাছ থেকে যে সব ই-মেল এসেছিল, সেগুলো নাকি মেল হ্যাক করে পাঠানো হয়েছিল। সেই ভুল-বোঝাবুঝি থেকেই কি আপনি 'শিবপুর' থেকে নিজেকে সরিয়ে নিয়েছেন?**

●● ভুল-বোঝাবুঝি? কোনও ভুল-বোঝাবুঝি নেই। সেক্সুয়ালি হ্যারাসিং ই-মেল পাঠানো হয়েছে আমাকে। কুড়ি-পঁচিশটা এরকম মেল পাঠানো হয়েছে। মেল হ্যাক করে এগুলো পাঠানো যায় না। এটা একেবারেই বিশ্বাসযোগ্য নয়। এমন বিষাক্ত অভিজ্ঞতা আমার কখনও হয়নি। আর বললামই তো, মার্কেটিং বা পাবলিসিটি প্ল্যানিং, কিছুই আমাকে পাঠানো হয়নি। আমার তো হাতে অনেক কাজ। মার্কেটিং প্ল্যান পাঠালে তারপর তো আমি সময় বের করব।

● **শিবপুর ছবিতে তো একেবারে অন্যরকম স্বস্তিকাকে দেখা যাবে। গৃহবধূ থেকে মাফিয়া।**

●● হ্যাঁ, এমন চরিত্র আমি আগে কখনও করিনি।

● **তার জন্যে কি আলাদা হোমওয়ার্ক করতে হয়েছে?**

●● আমি কোনও হোমওয়ার্ক করি না। স্ক্রিপ্টটা অনেকবার পড়ি। তারপর পরিচালকের ধারণার সঙ্গে আমার ধারণার একটা মেলবন্ধন ঘটানোর চেষ্টা করি।

● **'শিবপুর'-এর চরিত্রটা কোন দিক দিয়ে কঠিন মনে হয়েছে?**

●● প্রথমত, আমাদের এখানে, বিশেষত বাংলা ছবিতে অ্যাকশন সিকোয়েন্সে মহিলাদের খুব একটা দেখা যায় না। এখানে আমাকে প্রচুর অ্যাকশন করতে হয়েছে। এবং এই প্রথম আমি কোনও ছবিতে বন্দুক চালালাম। (হাসতে হাসতে) বাস্তব জীবনেও বন্দুক চালানোর মতো কোনও কাজ আমি করিনি। ফলে, এই বন্দুক চালানোটা আমাকে রীতিমতো প্র্যাকটিস করতে হয়েছে।

● **গৃহবধূ থেকে মাফিয়া হয়ে ওঠা, এই জার্নিটাও তো খুব অন্যরকম।**

●● একদমই অন্যরকম। আমি এখানে মন্দিরা বিশ্বাস। মাফিয়া হয়ে ওঠার পর যে-সব অ্যাকশন দৃশ্য আমি করেছি, সবই কিন্তু শাড়ি পরে। কখনও আধো অন্ধকারে, কখনও সিঁড়িতে সিরিয়াসলি অ্যাকশন দৃশ্য করতে হয়েছে। এবং যেটা উল্লেখ করতেই হবে, সব অ্যাকশন দৃশ্যই আমি শাড়ি পরে করেছি। এটা খুব চ্যালেঞ্জিং ছিল। শাড়ি পরার জন্যে এটাও দেখতে হয়েছে, যেন আঁচল একদিকে কিংবা শাড়ির কুঁচি একদিকে না চলে যায়। এটা নিয়েও সতর্ক থাকতে হয়েছে। যাতে মন্দিরাকে অশালীন না লাগে, সেটা মাথায় রেখেই অ্যাকশন করতে হয়েছে।

● **একদিন আগেই আপনি মুম্বই থেকে ফিরলেন। ওখানে কীসের শুটিং চলছিল?**

●● একটা সিনেমারই শুটিং। নাম-ধাম এখনই বলা যাবে না।

● **মুম্বইয়ে অনেকগুলো কাজ করলেন এবং করছেন। তার জন্যে কি বাংলায় কাজ একটু কম করতে হচ্ছে?**

●● একেবারেই নয়। আমি মুম্বই, কলকাতা মিলিয়েই কাজ করছি। অয়ন চক্রবর্তীর 'নিখোঁজ' সিরিজের কাজ শেষ করেছি মুম্বই যাওয়ার আগে। কলকাতা ফিরে এসে শুটিং শুরু করলাম অরিন্দম ভট্টাচার্যের 'দুর্গাপুর জংশন'-এর।

● **'শিবপুর'-এর পর 'দুর্গাপুর'-এও অরিন্দম-স্বস্তিকা জুটি?**

●● তাই তো দেখছি।

● **জুটি তো ঠিক আছে। কিন্তু বাংলা ইন্ডাস্ট্রিতে কি কোনও-না-কোনও গ্রুপ বা গোষ্ঠীর মধ্যে না থাকলে কাজ পেতে অসুবিধে হয়?**

●● এখন এতরকমের কাজ হচ্ছে সিনেমায় এবং ওটিটিতে যে, কোনও গোষ্ঠীর মধ্যে না থাকলেও দক্ষ অভিনেতা, অভিনেত্রীদের দরকার পড়বেই। আমি কোনওদিনই কোনও গোষ্ঠীর মধ্যে ছিলাম না। তাই গোষ্ঠীর মধ্যে থাকার ভাল দিক বা মন্দ দিকটা কী কী, আমি জানি না। আমি ইনডিভিজুয়ালি কাজ করে এসেছি। এখন বেশ কিছু ইন্ডিপেন্ডেন্ট পরিচালক ভাল সাবজেক্ট নিয়ে কাজ করছেন। তাঁরা বহু শিল্পীকে কাজে লাগাচ্ছেন। শেষ পর্যন্ত কাজটাই তো কথা বলবে। আর, কোনও গোষ্ঠী দিয়ে ২৩ বছর কাজ করা সম্ভব নয়। এখন কিন্তু সময়টা পাল্টে গেছে। কারও ছত্রছায়ায় থেকে লম্বা রেসের ঘোড়া হওয়া যায় না। আমি ২৩ বছর কাজ করছি। আরও বহুদিন কাজ করতে চাই।

● **একটা প্রশ্ন মিডিয়ায় আপনাকে বারবার করা হয়। কারও সঙ্গে হয়তো আপনার বিশেষ বন্ধুত্বের সম্পর্ক ছিল, তার সঙ্গে এখন অভিনয় করতে কোনও অস্বস্তি বোধ করেন কি না, এটা প্রায় অবধারিত প্রশ্ন হয়ে ওঠে আপনার ক্ষেত্রে। 'শিবপুর'-এ যেমন পরমব্রত চট্টোপাধ্যায় আছেন। এটা নিয়েও একইরকম প্রশ্ন করা হয়েছে আপনাকে। এই ধরনের প্রশ্ন কি আপনাকে বিব্রত করে?**

●● বিব্রত করে না। এগুলো খুব অহেতুক প্রশ্ন। ৪০ বছর বয়সে এসে এই প্রশ্নগুলো অহেতুক ও বিরক্তিকর। আমরা প্রফেশনাল অ্যাক্টর। কার সঙ্গে আমার ভালবাসা, কার সঙ্গে আমার শত্রুতা, ক্যামেরার সামনে এগুলো একেবারেই কোনও ম্যাটার করে না। সমাজটা দশ বছরে অনেক পাল্টে গেছে। সোশ্যাল মিডিয়ায় এখন সবার জীবনই খোলা পাতার মতো। কার সঙ্গে আমার প্রেম, কার সঙ্গে বিশেষ বন্ধুত্ব, ১০ বছর আগে কৌতূহলের বিষয় ছিল। এখন এ নিয়ে কারও কোনও আগ্রহ আছে বলে মনে হয় না। কাজটাই আমার আইডেন্টিটি। বাকিটা পুরোপুরি ব্যক্তিগত।

লাভ ম্যারেজ ৭৫

রঞ্জিত মল্লিক অভিনীত 'লাভ ম্যারেজ' ছবিটি ৭৫ দিন পার করল। তারই উদযাপনে অভিনেতাকে সংবর্ধিত করলেন ছবির পরিচালক প্রেমেন্দু বিকাশ চাকি। সুরিন্দর ফিল্মস এই ছবির প্রযোজক। ছবি: বিপ্লব মৈত্র

উল্লাস মল্লিকের কাহিনি নিয়ে সিরিও-কমিক 'ডুগডুগি'

জয়দীপ মুখোপাধ্যায়ের পরিচালনায় 'ডুগডুগি'র প্রধান চরিত্রে 'একেন' খ্যাত অনির্বাণ চক্রবর্তী।

বিনোদনের প্রতিবেদন: একেনবাবুকে নিয়ে সিরিজ করার পরে এই চরিত্রকে নিয়েই বাণিজ্যসফল সিনেমা তৈরি করেছেন পরিচালক জয়দীপ মুখোপাধ্যায়। এবার সেই জনপ্রিয় একেনবাবুর তথা অনির্বাণ চক্রবর্তীকে নিয়ে একটা সিরিও-কমিক সিরিজ তৈরি করলেন পরিচালক। উল্লাস মল্লিকের কাহিনি নিয়ে তৈরি হয়েছে এই সিরিজ 'ডুগডুগি'। পরিচালক জানালেন, ডুগডুগি আসলে সিচুয়েশনাল কমেডি। আর, অনির্বাণ চক্রবর্তী দারুণ একজন অভিনেতা। একেন ছাড়াও অন্য চরিত্রেও যে সে দুর্দান্ত, 'ডুগডুগি'তে তার প্রমাণ মিলবে। উল্লাস মল্লিকের কাহিনিতে 'ডুগডুগি'র চিত্রনাট্য লিখেছেন পদ্মনাভ দাশগুপ্ত। অনির্বাণ ছাড়াও এখানে অভিনয় করেছেন রায়তী ভট্টাচার্য, শ্রেয়া ভট্টাচার্য, বিশ্বনাথ বসু, লোকনাথ ভট্টাচার্য প্রমুখ। 'ডুগডুগি'র অবিনাশ এক মধ্যবিত্ত মানুষ। বিবাহিত। তিনি নিঃসন্তান। বাবা হওয়ার জন্য পরামর্শ নিয়েছেন বহু ডাক্তারের। একদিন হঠাৎ নিখোঁজ হয়ে যায় অবিনাশের স্ত্রী। এইভাবে কাহিনি এগোবে জটিলপথে। এইমাসেই হইচইতে মুক্তি পাবে ডুগডুগি।

ADITYA BIRLA CAPITAL
PROTECTING INVESTING FINANCING ADVISING

আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ইন্ডিয়ান রেয়ন কম্পাউন্ড, ভেরাভল, গুজরাট-৩৬২২৬৬ ব্রাঞ্চ অফিস: আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড, সেকেন্ড ফ্লোর, বাঙ্গুর বিএফএল এস্টেট, ৩১ চৌরঙ্গি রোড, কলকাতা-৭০০০১৬

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

পরিশিষ্ট IV [সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮(১) দ্রষ্টব্য]

যেহেতু **আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড**-এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২)-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **ঋণগ্রহীতা গৌতম মজুমদার, গীতা মজুমদার, সুবল মজুমদার, মেসার্স মনসা সবজি ভাণ্ডার এর প্রতি ১৮.০৪.২০২৩ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন** যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক অর্থাৎ **₹ ২৩,১৭,৩৭০.০৫/= (তেইশ লক্ষ সতেরো হাজার তিনশো সত্তর টাকা ও পাঁচ পয়সা মাত্র)** আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল। উক্ত ঋণগ্রহীতাগণ ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী **৩০ জুন ২০২৩** তারিখে উক্ত রুলসমূহের রুল ৮ সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে তাঁর (পুং/স্ত্রী) ওপর অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষত ওই ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে-কোনও লেনদেন **₹ ২৩,১৭,৩৭০.০৫/= (তেইশ লক্ষ সতেরো হাজার তিনশো সত্তর টাকা ও পাঁচ পয়সা মাত্র) এবং এর ওপর সুদ সমেত আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড-এর দায় সাপেক্ষ হবে।**

উক্ত অ্যাক্টের ১৩ ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে নিম্নলিখিত জামিনযুক্ত পরিসম্পদ ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ

সম্পত্তির সকল অপরিহার্য অংশ অন্তর্গত জে এল নং ৭৯, পরিমাপ ৬.৬ শতক = ৪ কাঠা, তৌজি নং ১৪, এল আর খতিয়ান নং ৪৭১/২, এল আর ৩৫০৪, খতিয়ান নং ৩৫০৪, দাগ নং আর এস ৫১১ এবং ৫১৫ বিং হোল্ডিং নং ১১৭/১, অবস্থিত মৌজা- জয়গাছি, জয়গাছি বাই লেন ২, থানা- হাবড়া, জেলা- ২৪ পরগনা (উত্তর) হাবড়া পৌরসভার ওয়ার্ড নং ২১, কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭৪৩২৬৩ এবং **চৌহদ্দি এইরূপে: পূর্বে:** তানিয়া ঘোষ এবং ৬ ফুট চওড়া পরিসর, **পশ্চিমে:** মধু ভাওয়াল এবং অন্য, **উত্তরে:** মধু ভাওয়াল এবং অন্য, **দক্ষিণে:** বিক্রেতার প্লট এবং ৬ ফুট চওড়া পরিসর।

তারিখ: ৩০/০৬/২০২৩ — অনুমোদিত আধিকারিক
স্থান: কলকাতা — আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড

EXIDE

এক্সাইড ইন্ডাস্ট্রিজ লিমিটেড

CIN: L31402WB1947PLC014919
রেজিস্টার্ড অফিস: 'এক্সাইড হাউস', ৫৯ই, চৌরঙ্গি রোড, কলকাতা-৭০০০২০
ফোন: (০৩৩) ২৩০২৩৪০০/ ২২৮৩২১১৮/৫০/৭১; ফ্যাক্স: (০৩৩) ২২৮৩২৬৩৭
ই-মেল: exideindustrieslimited@exide.co.in
ওয়েবসাইট: www.exideindustries.com

৭৬তম বার্ষিক সাধারণ সভা সম্পর্কিত তথ্য

মাননীয় সদস্যগণ,

১. সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (এমসিএ) ও সেবি দ্বারা জারিকৃত যাবতীয় প্রযোজ্য সার্কুলারসমূহ সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ ও এর অধীনে রচিত রুলসমূহ এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি) (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ এর সকল প্রযোজ্য সংস্থানসমূহ অনুসারে সভার নোটিসে নির্ধারিত কারবারসমূহ নির্বাহের জন্য **এক্সাইড ইন্ডাস্ট্রিজ লিমিটেড ('কোম্পানি') এর ৭৬তম বার্ষিক সাধারণ সভা ('এজিএম/সভা') মঙ্গলবার, ৮ আগস্ট, ২০২৩ তারিখে সকাল ১০:৩০ টায় (ভারতীয় প্রমাণ সময়) ভিডিও কনফারেন্স ('ভিসি')/ অন্যান্য অডিও ভিস্যুয়াল উপায়ে ('ওএভিএম') আয়োজিত হবে।** এই এজিএমে অংশগ্রহণের পদ্ধতি এজিএমের নোটিসে দেওয়া থাকবে।

২. কোম্পানি/ ডিপোজিটরি/ ডিপোজিটরি পার্টিসিপ্যান্টের কাছে যে সকল সদস্যের ই-মেল আইডি রেজিস্টার করানো আছে, এমসিএ সার্কুলারসমূহ ও সেবি সার্কুলারসমূহ অনুসারে এজিএমের নোটিস এবং ২০২২-২৩ অর্থবর্ষে কোম্পানির বার্ষিক প্রতিবেদন কেবলমাত্র ইলেকট্রনিক উপায়ে তাঁদের সকলের প্রতি প্রেরণ করা হবে। উপরিলিখিত নথিগুলি কোম্পানির **www.exideindustries.com** ওয়েবসাইটের পাশাপাশি স্টক এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইট অর্থাৎ, **www.bseindia.com** এবং **www.nseindia.com**-তেও উপলব্ধ থাকবে। এজিএমের নোটিস এনএসডিএল-এর ওয়েবসাইট অর্থাৎ, **www.evoting.nsdl.com**-তেও উপলব্ধ থাকবে। সদস্যরা ভিসি/ওএভিএম সুবিধার মাধ্যমে এজিএমে অংশ নিতে পারবেন অথবা **www.evoting.nsdl.com**-তে এর সরাসরি সম্প্রচার দেখতে পারবেন।

৩. **ই-মেল আইডি রেজিস্টার/আপডেট করার উপায়:**
রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ)/ কোম্পানি/ ডিপোজিটরির কাছে আপনার ই-মেল আইডি রেজিস্টার/ আপডেট করানো না-থাকলে কোম্পানির থেকে বার্ষিক প্রতিবেদন, নোটিস, ই-ভোটিংয়ের নির্দেশিকা এবং ভিসি/ওএভিএম এর মাধ্যমে এতে অংশগ্রহণ সংক্রান্ত যাবতীয় বার্তা ইলেকট্রনিক উপায়ে পাওয়ার জন্য আপনি অনুগ্রহপূর্বক নীচে উল্লিখিত নির্দেশিকা অনুসরণ করুন:

ফিজিক্যাল হোল্ডিং	(১) **ই-মেল আইডি রেজিস্টার করার জন্য** অনুগ্রহপূর্বক ফোলিও নম্বর, শেয়ারধারকের নাম, শেয়ার সার্টিফিকেটের প্রতিলিপি (সামনে ও পিছন দিকের), প্যান ও আধার কার্ড (স্বস্বাক্ষরিত প্রতিলিপি); (২) **ব্যাঙ্ক অ্যাকাউন্ট সম্পর্কিত তথ্য আপডেট করার জন্য**, ওপরের ক্রম নং (১)-তে উল্লিখিত নথিগুলির অতিরিক্তরূপে অনুগ্রহপূর্বক নিম্নলিখিত অতিরিক্ত নথিসমূহ/ তথ্যের পাশাপাশি যথাযথরূপে পূরণ করা আইএসআর-১ ফর্ম সহ উক্ত নথিগুলির মুদ্রিত প্রতিলিপি পাঠাবেন: ক) ব্যাঙ্কের নাম ও ব্রাঞ্চের ঠিকানা; খ) ব্যাঙ্ক অ্যাকাউন্টের প্রকার অর্থাৎ, সেভিংস বা কারেন্ট; গ) কোর ব্যাঙ্কিং সলিউশনস চালুর পরে আবণ্টিত ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর; ঘ) ৯ অঙ্কবিশিষ্ট এমআইসিআর কোড নং এবং ১১ অঙ্কবিশিষ্ট আইএফএস কোড; ঙ) প্রথম শেয়ারধারকের নাম সংবলিত ও বাতিল করা একটি আসল চেক অথবা ব্যাঙ্কের তরফে প্রত্যয়িত করা ব্যাঙ্ক পাসবই বা ব্যাঙ্ক স্টেটমেন্ট। **আরটিএর সঙ্গে যোগাযোগ সম্পর্কিত তথ্য:** সি বি ম্যানেজমেন্ট সার্ভিসেস (প্রাঃ) লিঃ (ইউনিট: এক্সাইড ইন্ডাস্ট্রিজ লিমিটেড) ঠিকানা: **পি-২২, বন্ডেল রোড, কলকাতা- ৭০০০১৯** ই-মেল: rta@cbmsl.com **কেওয়াইসি তথ্য আপডেট করা:** যে সকল শেয়ারধারক তাঁর কেওয়াইসি (প্যান, ঠিকানা, ই-মেল আইডি, মোবাইল নম্বর, ব্যাঙ্ক অ্যাকাউন্ট সম্পর্কিত তথ্য) এবং নমিনেশনের বিশদ তথ্য রেজিস্টার বা আপডেট করাননি, ৩ নভেম্বর, ২০২১ তারিখ সংবলিত সেবি সার্কুলার নং SEBI/HO/MIRSD/MIRSD_RTAMB/P/CIR/2021/655 অনুসারে এগুলি রেজিস্টার/আপডেট করানো বাধ্যতামূলক। ফিজিক্যাল শেয়ারহোল্ডিংয়ের ক্ষেত্রে ১৬ মার্চ, ২০২৩ তারিখ সংবলিত সেবি সার্কুলার নং SEBI/HO/MIRSD/MIRSD-PoD-1/P/CIR/2023/37 অনুসারে সেবি দ্বারা নির্ধারিত আইএসআর-১ ফর্ম ও অন্যান্য প্রাসঙ্গিক ফর্মগুলির মাধ্যমে উপরিলিখিত তথ্যাবলি রেজিস্টার/আপডেট করিয়ে নেওয়ার জন্য সদস্যদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে। এই ফর্ম কোম্পানির ওয়েবসাইট **https://www.exideindustries.com/investors/forms.aspx** বা আরটিএর ওয়েবসাইটে **http://www.cbmsl.com/services/details/sebi-download-forms** লিঙ্ক থেকে ডাউনলোড করে নেওয়া যাবে।
ডিম্যাট হোল্ডিং	অনুগ্রহপূর্বক আপনার ডিপোজটরি পার্টিসিপ্যান্ট (ডিপি) এর সঙ্গে যোগাযোগ করুন এবং আপনার ডিপি'র পরামর্শমতো নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ করুন।

৪. **ই-ভোটিংয়ের মাধ্যমে ভোটদানের উপায়:**
সদস্যরা এজিএমের নোটিসে নির্ধারিত কারবারগুলির ওপর রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে দূরবর্তী স্থান থেকে নিজেদের ভোট দেওয়ার সুযোগ পাবেন। ডিমেটিরিয়ালাইজড মোড, ফিজিক্যাল মোডে শেয়ার ধারণকারী সদস্য এবং নিজেদের ই-মেল আইডি রেজিস্টার করাননি এমন সদস্যদের রিমোট ই-ভোটিংয়ের পদ্ধতি এজিএমের নোটিসে বিশদে উল্লেখ করা আছে। রিমোট ই-ভোটিংয়ের মেয়াদ শুরু হবে শুক্রবার, ৪ আগস্ট, ২০২৩ (ভারতীয় প্রমাণ সময় সকাল ৯:০০ টায়) এবং শেষ হবে সোমবার, ৭ আগস্ট, ২০২৩ (ভারতীয় প্রমাণ সময় বিকেল ৫:০০ টায়)। নির্ধারিত কাট-অফ তারিখ অর্থাৎ, মঙ্গলবার, ১ আগস্ট, ২০২৩ তারিখের ভিত্তিতে ফিজিক্যাল বা ডিমেটিরিয়ালাইডের মধ্যে যে কোনও মোডে কোম্পানির শেয়ার ধারণকারী সদস্যরা এই সময়সীমার মধ্যে ইলেকট্রনিক উপায়ে নিজের ভোট দিতে পারবেন। এই সময়সীমা উত্তীর্ণ হলে এনএসডিএল এর তরফে ই-ভোটিংয়ের মডিউলটি নিষ্ক্রিয় করে দেওয়া হবে।
নির্ধারিত কাট-অফ তারিখ অর্থাৎ, মঙ্গলবার, ১ আগস্ট, ২০২৩ তারিখের ভিত্তিতে কোম্পানির সদস্যদের রেজিস্টার বা ডিপোজিটরিগণের নথিতে শেয়ারের সুবিধাভোগী স্বত্বাধিকারী হিসেবে নাম থাকা ইকুইটি শেয়ারধারকদের প্রতি চূড়ান্ত লভ্যাংশ প্রদান করা হবে। নিজ নিজ ডিপোজিটরি অর্থাৎ, এনএসডিএল ও সিডিএসএল এর কাছে ব্যাঙ্ক অ্যাকাউন্ট সম্পর্কিত বিশদ তথ্য আপডেট করে রাখার জন্য ইলেকট্রনিক উপায়ে শেয়ার ধারণকারী সদস্যদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে। সার্টিফিকেট রূপে শেয়ার ধারণকারী সদস্যদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে যাতে তাঁরা কোম্পানির রেজিস্ট্রার ও ট্রান্সফার এজেন্টের কাছে নিজ নিজ ব্যাঙ্ক অ্যাকাউন্ট সম্পর্কিত বিশদ তথ্য আপডেট করে রাখেন।
এমসিএ ও সেবি সার্কুলার অনুসারে কোম্পানির সকল সদস্যের অবগতির জন্য ও সুবিধার্থে উপরিলিখিত নোটিসটি জারি করা হচ্ছে।

এক্সাইড ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর পক্ষে
স্বাঃ-
জিতেন্দ্র কুমার
কোম্পানি সেক্রেটারি এবং প্রেসিডেন্ট
(লিগ্যাল ও কর্পোরেট অ্যাফেয়ার্স)
এসিএস নং: ১১১৫৯

স্থান : কলকাতা
তারিখ : ৩০ জুন, ২০২৩

Peerless finance
Simplifinance

পিয়ারলেস ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড

সিআইএন ঃ U65993WB1988PLC044077
রেজিস্টার্ড অফিস ঃ পিয়ারলেস ভবন, ৩, এসপ্লানেড ইস্ট, কলকাতা ৭০০০৬৯
টেলিফোন : +৯১-৩৩-৪০৬২২৫২৫
ইমেইল ঃ pfs@peerlessfinance.in, ওয়েবসাইট ঃ www.peerlessfinance.in

সদস্যদের জন্য বিজ্ঞপ্তি

পঁয়ত্রিশতম বার্ষিক সাধারণ সভা, বই বন্ধ এবং ই-মেল আইডি, মোবাইল নং, ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ নথিভুক্তকরণ সম্পর্কিত

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, পিয়ারলেস ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেডের সদস্যদের পঁয়ত্রিশতম বার্ষিক সাধারণ সভা ("এজিএম") আগামী ২৬ শে জুলাই, ২০২৩, বুধবার বেলা ১২টা ৩০ মিনিটে, ভিডিও কনফারেন্সিং (ভিসি)/অন্যান্য অডিও ভিজুয়াল মাধ্যম (ওএভিএম) দ্বারা অনুষ্ঠিত হবে। বার্ষিক সাধারণ সভার স্থান হিসেবে গণ্য হবে, কোম্পানির রেজিস্টার্ড অফিস, পিয়ারলেস ভবন, ৩, এসপ্লানেড ইষ্ট, কলকাতা - ৭০০০৬৯।

কোম্পানির সদস্যদের বই এবং শেয়ার ট্রান্সফার বই ২০শে জুলাই, ২০২৩, বৃহস্পতিবার থেকে ২৬শে জুলাই, ২০২৩, বুধবার অবধি (উভয় দিন ধরে) বার্ষিক সাধারণ সভার জন্য বন্ধ রাখা হবে।

বিদ্যমান কোভিড-১৯ অতিমারীর কারণে ঘটিত বিপদের কথা বিবেচনা করে এবং কর্পোরেট বিষয়ক মন্ত্রক ('এমসিএ") বিভিন্ন সময়কালে প্রকাশিত ৮ই এপ্রিল ২০২০ তারিখের সার্কুলার নং ১৪/২০২০, ১৩ এপ্রিল ২০২০ তারিখের সার্কুলার নং ১৭/২০২০, ৫ই মে ২০২০ তারিখের সার্কুলার নং ২০/২০২০, ১৩ই জানুয়ারী ২০২১ তারিখের সার্কুলার নং ০২/২০২১, ২৮শে ডিসেম্বর ২০২২ তারিখের সার্কুলার নং ১০/২০২২ এবং অন্যান্য সকল প্রযোজ্য সার্কুলার অনুসারে, নোটিশ ও বার্ষিক রিপোর্ট ফিজিকাল ভাবে পাঠানো থেকে কোম্পানীকে অব্যহতি দিয়েছে এবং ২০২৩ বছরের বার্ষিক সাধারণ সভা ইলেকট্রনিক মাধ্যমে আয়োজন করার অনুমোদন প্রদান করেছে।

উপরোক্ত এমসিএ-এর সার্কুলার সমূহকে মান্যতা দিয়ে, এই সভার প্রস্তাবিত কার্যাদি সম্পন্ন সংক্রান্ত বিজ্ঞপ্তি, এবং ৩১ শে মার্চ ২০২৩ তারিখে সমাপ্ত বছরের অডিটেড ফিনান্সিয়াল স্টেটমেন্টস্, অডিটরদের রির্পোট এবং ঐ তারিখে সমাপ্ত বছরের পরিচালকমন্ডলীর রির্পোট, যে সকল সদস্যদের ই-মেল আইডি কোম্পানির/ডিপোজিটারীদের কাছে রেজিস্ট্রিকৃত করা আছে, তাঁদের কাছে পাঠানো হয়েছে এছাড়াও বিজ্ঞপ্তি ও ২০২২-২৩-এর বার্ষিক রির্পোট কোম্পানির ওয়েবসাইট **www.peerlessfinance.in**.-এ আপলোড করা হয়েছে।

কোম্পানি আইনের ধারা ১৭০ অনুযায়ী, রেজিস্টার অফ ডিরেক্টারস এ্যান্ড কী ম্যানেজারিয়াল পার্সোনেল-এর স্ক্যান করা কপি এবং তাঁদের শেয়ারহোডিং এবং ধারা ১৮৯ অনুযায়ী ডিরেক্টরদের কন্ট্র্যাক্ট ও ব্যবস্থাপনা সম্পর্কিয় অন্যান্য তথ্য এবং অন্যান্য সকল নথিপত্র যা বিজ্ঞতিতে উল্লেখ আছে তা ইলেকট্রনিক মাধ্যমে যাচাই করা যাবে।

২০১৩ সালের কোম্পানি আইন ১০৮ ধারা তৎসহ কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪-এর সংশোধিত রুল ২০ অনুযায়ী কোম্পানি ই-ভোটিং-এর মাধ্যমে ভোটাধিকার প্রদান করার ব্যবস্থা করেছে এবং এই অধিকারের মাধ্যমে আপনি এজিএম-এ প্রস্তাবিত বিষয়সমূহ সংশ্লিষ্ট সিদ্ধান্ত গ্রহণের জন্য ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। ন্যাশানাল সিকিউরিটিজ ডিপোজিটারী লিমিটেড (এনএসডিএল)-এর মাধ্যমে কোম্পানি রিমোট/ইভোটিং সুবিধার এবং ভিডিও কনফারেন্সিং (ভিসি) /অন্যান্য অডিও ভিজুয়াল মাধ্যম (ওএভিএম) দ্বারা বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করার ব্যবস্থা করেছে। এই সভায় অংশগ্রহণ করার প্রক্রিয়া বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি **www.evoting.nsdl.com** -এও পাওয়া যাচ্ছে।

১৯শে জুলাই, ২০২৩, বুধবার, পর্যন্ত অর্থাৎ কাট-অফ-ডেট-এর হিসাবে যে সকল সদস্যদের নাম, সদস্যদের রেজিস্টারে নথিভুক্ত থাকবে শুধুমাত্র তারাই রিমোট ই-ভোটিং-এর সুবিধা গ্রহণ করতে পারবেন বা বার্ষিক সাধারণ সভায় ভোট দিতে পারবেন। যে সকল সদস্যরা রিমোট ই-ভোটিং -এর মাধ্যমে তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন তারা সভায় অংশগ্রহণ করতে পারবেন কিন্তু পুনরায় ভোট দিতে পারবেন না।

বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি পাঠানোর কাজ সম্পূর্ণ হওয়ার পর যে সকল ব্যক্তি কোম্পানির সদস্য হবেন এবং ১৯শে জুলাই, ২০২৩, তারিখে যারা কোম্পানির শেয়ার হোল্ডার থাকবে তারা যদি এনএসডিএল-এর সাথে ইতিমধ্যে নথিভুক্ত থাকেন, তবে তাঁরা নিজেদের বর্তমান ইউজার আইডি এবং পাসওয়ার